



## জনসংযোগ কার্যালয়

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ

ফোন: ০২২২৪৮১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৪৮১০৫২

ওয়েবসাইট: [www.juniv.edu](http://www.juniv.edu)



## প্রেস বিজ্ঞপ্তি (শোক বার্তা)

সড়ক দুর্ঘটনায় পরমাণু শক্তি কমিশনের ৪ জন নিহত হওয়ার ঘটনায়

### জাবি উপাচার্যের শোক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৫ জুন ২০২২।

ঢাকার অদূরে সাভারের বলিয়ারপুরে সড়ক দুর্ঘটনায় বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের বিজ্ঞানী ও প্রকৌশলীসহ ৪ জন নিহত হওয়ার ঘটনায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম গভীর শোক প্রকাশ করেছেন। গণমাধ্যমে প্রকাশিত সূত্রে জানা যায়, নিহত এই ৪ জন হলেন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা আরিফুজ্জামান, বৈজ্ঞানিক কর্মকর্তা পূজা সরকার, প্রকৌশলী কাউসার আহমেদ ও পরমাণু শক্তি কমিশন স্টাফ বাসের চালক রাজিব হোসেন। এরমধ্যে বৈজ্ঞানিক কর্মকর্তা আরিফুজ্জামান এবং পূজা সরকার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী। শোক বার্তায় উপাচার্য দুর্ঘটনায় নিহতদের পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা প্রকাশ করে দুর্ঘটনার জন্য দায়ী ব্যক্তিকে বিরুদ্ধে দৃষ্টিত্বান্বিত শাস্তি দাবি করেছেন।

উল্লেখ্য, আজ রোববার সকাল নয়টার দিকে বলিয়ারপুর বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

### চট্টগ্রামের সীতাকুণ্ডে বিএম কনটেইনার ডিপোতে অগ্নিকাণ্ডে হতাহত হওয়ার ঘটনায় উপাচার্যের শোক

উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম অপর এক শোক বার্তায় চট্টগ্রামের সীতাকুণ্ডে বিএম কনটেইনার ডিপোতে অগ্নিকাণ্ডে ব্যাপক সংখ্যক মানুষের হতাহত হওয়ার ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করে নিহত ব্যক্তিদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

উল্লেখ্য, শনিবার রাত এগারোটার দিকে চট্টগ্রামের সীতাকুণ্ডে বিএম কনটেইনার ডিপোতে ভয়াবহ বিস্ফোরণের ঘটনা ঘটে।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)

